



নিয়োগ বিজ্ঞপ্তি

ঢাকা বিশ্ববিদ্যালয়ঃ- বিধি মোতাবেক প্রদেয় ভাতাদিসহ ঢাকা বিশ্ববিদ্যালয়ের নিম্নলিখিত অফিসের শূন্য পদগুলির নামের পার্শ্বে উল্লেখিত বেতন স্কেল, শিক্ষাগত যোগ্যতা ও অভিজ্ঞতার ভিত্তিতে লোক নিয়োগের জন্য বাংলাদেশী নাগরিকদের নিকট হতে দরখাস্ত আহ্বান করা যাচ্ছে ঃ-

১। রেজিস্ট্রারের অফিস

পদের নাম ও বেতন স্কেল	পদ সংখ্যা	শিক্ষাগত যোগ্যতা ও অভিজ্ঞতা
কেয়ারটেকার(পুনঃবিজ্ঞপ্তি) টাঃ ৯৩০০-২২৪৯০/- বেতন স্কেলে (জাতীয় বেতন স্কেল-২০১৫)	০১ (এক) টি	প্রার্থীকে ন্যূনতম স্নাতক/সমমান পাস হতে হবে। প্রার্থীর কম্পিউটার অপারেটিং এ প্রশিক্ষণ আবশ্যিক। শিক্ষা জীবনের কোন পর্যায়ে তৃতীয় বিভাগ/শ্রেণি/সমমানের জিপিএ/সিজিপিএ গ্রহণযোগ্য নয়। পূর্বে যারা আবেদন করেছেন তাদের পুনরায় আবেদন করার প্রয়োজন নেই।

২। পদার্থ বিজ্ঞান বিভাগ

পদের নাম ও বেতন স্কেল	পদ সংখ্যা	শিক্ষাগত যোগ্যতা ও অভিজ্ঞতা
ল্যাব. টেকনিশিয়ান টাঃ ১২৫০০-৩০২৩০/- বেতন স্কেলে (জাতীয় বেতন স্কেল-২০১৫)	১ (এক) টি	প্রার্থীকে পদার্থ বিজ্ঞান বিষয়সহ বি.এস/বি.এসসি পাস এবং কম্পিউটার সায়েন্স এন্ড ইঞ্জিনিয়ারিং/ ইলেকট্রিক্যাল এন্ড ইলেকট্রনিক্স ইঞ্জিনিয়ারিং অথবা ম্যাকানিক্যাল ইঞ্জিনিয়ারিং-এ ডিপ্লোমা পাশ হতে হবে। প্রার্থীকে সকল পরীক্ষায় সর্বনিম্ন ৩.০০ জিপিএ/সিজিপিএ থাকতে হবে। উচ্চতর ডিগ্রিধারী ও অভিজ্ঞতা সম্পন্নদেরকে অগ্রাধিকার দেয়া হবে।

আবেদনকারীদের অবশ্যই আবেদনপত্রে তার শিক্ষাগত যোগ্যতার সকল সার্টিফিকেট ও ডিগ্রি উল্লেখ করতে হবে। আবেদনপত্রে কোন তথ্য গোপন/উল্লেখ না করলে ভবিষ্যতে তার পরীক্ষা পাশের সার্টিফিকেট নথিতে সংযুক্ত করা হবে না এবং বিধি অনুযায়ী প্রশাসনিক ব্যবস্থা নেওয়া হবে। এছাড়াও পদোন্নতি নীতিমালায় বর্ণিত পয়েন্ট সুবিধা প্রদান করা হবে না।

রেজিস্ট্রারের অনুকূলে প্রদেয় ৩০০/- (তিনশত) টাকা মূল্যমানের ব্যাংক ড্রাফট/পে-অর্ডার (পোস্টাল অর্ডার গ্রহণযোগ্য নয়) এবং সকল পরীক্ষা পাসের সার্টিফিকেট ও প্রশংসাপত্রের সত্যায়িত প্রতিলিপিসহ সাদা কাগজে পূর্ণ জীবনবৃ উল্লেখপূর্বক রেজিস্ট্রার বরাবরে লিখিত দরখাস্ত আগামী ৩০-০৮-২০১৮ খ্রীস্টাব্দ/১৫-০৫-১৪২৫ বঙ্গাব্দ তারিখের মধ্যে ক্রমিক-১-এর আবেদনপত্র রেজিস্ট্রারের অফিসে, ক্রমিক-২-এর আবেদনপত্র পদার্থ বিজ্ঞান বিভাগের চেয়ারম্যান-এর অফিসে পৌঁছাতে হবে।

চাকুরিরত প্রার্থীকে যথাযথ কর্তৃপক্ষের মাধ্যমে দরখাস্ত দাখিল করতে হবে।